# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 17.08.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর কান্ডের প্রতিবাদে আই এম এ-র ডাকে দেশজুড়ে আজ ২৪ ঘণ্টার কর্ম বিরতি পালন করছেন চিকিৎসকরা।

২) রাজ্যের হাসপাতালগুলিতে মহিলা চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের সুরক্ষার জন্য সরকার রাত্তিরের সাথী নামে এক গুচ্ছ নির্দেশিকা ঘোষণা করেছে।

৩) কর্তব্যরত চিকিৎসকদের সুরক্ষায় একটি কমিটি গঠন করার কথা জানিয়েছে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক।

৪) আর জি কর কান্ডে জাতীয় মহিলা কমিশনের রিপোর্টে হাসপাতালের নিরাপত্তা, পরিকাঠামোর অভাব এবং মামলার তদন্তের ত্রুটির কথা উল্লেখ করা হয়েছে।

৫) নিম্নচাপ অঞ্চল ও ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের বিভিন্ন জেলায় আগামী বুধবার পর্যন্ত ঝড়-বৃষ্টির পূর্বাভাষ।

৬) পর্যাপ্ত পুলিশী নিরাপত্তা দিতে না পারার কারণে ডুরান্ড কাপের আগামীকালের ডার্বি ম্যাচ বাতিল।

০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালে কর্তব্যরত অবস্থায় তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুন এবং ১৪-ই আগস্ট মধ্যরাতে হাসপাতালে ভাঙচুরের প্রতিবাদে ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন আইএমএ-র ডাকে দেশজুড়ে ২৪ ঘন্টা কর্মবিরতির পালন করছেন চিকিৎসকরা। আগামীকাল সকাল ৬-টা পর্যন্ত তা চলবে বলে সংগঠনের পক্ষ থেকে জানানো হয়েছে। যদিও খোলা রয়েছে জরুরী বিভাগ।

দিল্লিতে রেসিডেন্ট ডাক্তার এবং মেডিকেল পড়ুয়ারা ঘটনার প্রতিবাদে আজ বিক্ষোভ দেখান। এতে সামিল হন রামমনোহর লহিয়া এবং লেডি হার্ডিঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসকরা। দিল্লি এইমসের ফ্যাকাল্টি সদস্যরাও কর্মবিরতিতে যোগ দিয়েছেন।

পশ্চিমবঙ্গের পুরুলিয়া ও বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ, আসানসোল ও শিলিগুড়ি জেলা হাসপাতাল, ডায়মন্ড হারবার মেডিকেল কলেজ , এম আর বাঙ্গুর সহ বিভিন্ন হাসপাতালে নিরাপত্তা ও দোষীদের শাস্তির দাবিতে আউটডোর পরিষেবা বন্ধ রেখে প্রতিবাদে সামিল হয়েছেন চিকিৎসকরা।

যদিও বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালের আউডোর সহ অন্যান্য বিভাগ খোলা রয়েছে। রোগী দেখছেন সিনিয়র ডাক্তাররা।

oooooooooooooo

এদিকে, আরজি কর কান্ডের জেরে রাজ্য সরকার রাজ্যজুড়ে বিভিন্ন হাসপাতাল ও মেডিক্যাল কলেজে কর্মরত মহিলা চিকিৎসক ও চিকিৎসা কর্মীদের নিরাপত্তা এবং সুরক্ষা সুনিশ্চিত করতে বেশ কিছু পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নবান্নে এই নিয়ে মুখ্যসচিব,

স্বরাষ্ট্রসচিব, ডিজি, অর্থসচিব, স্বাস্থ্যসচিব সহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের শীর্ষ আধিকারিক ও জেলা প্রশাসনের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। পরে মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় সাংবাদিকদের বলেন রাত্তিরের সাথী নামে মহিলা স্বেচ্ছাসেবক নিয়োগের পাশাপাশি একটি মোবাইল অ্যাপ চালু করা হবে। এই অ্যাপের মাধ্যমে স্থানীয় থানায় যোগাযোগ করা যাবে বলেও তিনি জানান।

(বাইট – আলাপন)

এছাড়াও মহিলাদের জন্যে পৃথক বিশ্রাম কক্ষ ও শৌচাগারের ব্যবস্থা থাকবে। হাসপাতাল চত্বরে সিসিটিভি র সঙ্গে সারারাত পুলিশের নজরদারি থাকবে বলে তিনি জানিয়েছেন। সব ধরনের কর্মীকে পরিচয় পত্র প্রদর্শন করতে হবে। মহিলা চিকিতসকের কাজের সময় কোনভাবেই বারো ঘন্টার বেশি হবে না বলে বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। খুব প্রয়োজন না হলে মহিলাদের রাতের ডিউটি থেকে অব্যাহতি দেওয়ার কথা বলা হয়েছে।হাসপাতালগুলিতে পুরুষ ও মহিলা মিলিয়ে নিরাপত্তারক্ষী মোতায়েন থাকবে। মহিলাদের হেনস্থা রুখতে সুপ্রীম কোর্টের নির্দেশ মেনে সব সংস্থাকে আবশ্যিকভাবে বিশাখা কমিটি তৈরি করার কথা বলা হয়েছে। যে কোন আপদকালীন পরিস্থিতিতে একশো অথবা ১১২ হেল্পলাইন নম্বর ব্যবহার করার কথা বলা হয়েছে। রাজ্যের সব বেসরকারি হাসপাতাল ও নার্সিং হোম কতৃপক্ষকে রাত্তিরের সাথী প্রোটোকল মেনে চলার জন্যে অনুরোধ করা হয়েছে।

oooooooooooooooo

কর্তব্যরত অবস্থায় পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের প্রতিবাদে আন্দোলনরত ডাক্তারদের নিরাপত্তা সুনিশ্চিত করতে সম্ভাব্য সবরকম

পদক্ষেপ গ্রহণের আশ্বাস দিয়েছে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। বৃহত্তর জনস্বার্থে তাঁদের পুনরায় কাজে যোগ দেওয়ারও আহ্বান জানানো হয়েছে। রেসিডেন্ট ডাক্তারদের সংগঠন ফোর্ডা, ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন ও দিল্লীর সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতালের রেসিডেন্ট ডাক্তারদের সংগঠনের প্রতিনিধিরা আজ নতুন দিল্লীতে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের দপ্তরে যান। কর্মক্ষেত্রে স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তা ও সুরক্ষার দাবি জানান তাঁরা। মন্ত্রক জানিয়েছে, সংগঠনের প্রতিনিধিদের দাবি দাওয়া নিয়ে একটি কমিটি গঠন করা হবে। রাজ্য সরকার সহ সংশ্লিষ্ট সকলে কমিটিকে তাঁদের পরামর্শ দিতে পারবেন। স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তার উদ্দেশে ২৬টি রাজ্য প্রয়োজনীয় আইন পাশ করেছে বলে খবর। ডেঙ্গু ও ম্যালেরিয়ার মতো রোগ বৃদ্ধি পাওয়ায় চিকিৎসকদের কাজে ফেরা খুব জরুরি বলে জানিয়েছে মন্ত্রক।

oooooooooooooooo

আরজি কর কাণ্ডে জাতীয় মহিলা কমিশন, নিজেদের রিপোর্ট প্রকাশ করেছে । এই রিপোর্টে হাসপাতালে নিরাপত্তা, পরিকাঠামো অভাব এবং মামলার তদন্তে ত্রুটির উল্লেখ করা হয়েছে। হাসপাতালের মহিলা চিকিৎসক, নার্সদের জন্য অপ্রতুল সুবিধা এবং নিরাপত্তার অভাবের কথাও রিপোর্টে উল্লেখ করা হয়েছে। আরজি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে জিজ্ঞাসাবাদের প্রক্রিয়াও অসম্পূর্ণ ছিল বলে ওই রিপোর্টে জানানো হয়েছে। রিপোর্টে আর জি কর কান্ডের পুঙ্খানুপুঙ্খ ও দ্রুত তদন্তের আহ্বান জানিয়েছে কমিশন ।

একইসঙ্গে অভিযোগ করা হয়েছে, যে সেমিনার হলে ধর্ষণ ও খুনের ঘটনা ঘটেছিল, তার উল্টো দিকের ঘরে হঠাৎ করেই সংস্কারের কাজ শুরু

হয়। এই বিষয়টিকে প্রমাণ লোপাটের সম্ভাব্য চেষ্টা বলেও দাবি করা হয়েছে রিপোর্টে।

০০০০০০০০০০০০০০০০০০০

পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় সিবিআই আজ সকাল থেকে প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে জেরা করছে। গতকালও তাঁকে গভীর রাত পর্যন্ত জিজ্ঞাসাবাদ করা হয়। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার তলবে বেশকিছু নথি নিয়ে তিনি সিজিও কমপ্লেক্সে হাজির হন।

ঘটনার তদন্তে সিবিআই-এর একটি দল বিধাননগরে কলকাতা পুলিশের ফোর্থ ব্যাটেলিয়নের ব্যারাকে গেছে। ধর্ষণ ও খুনের ঘটনায় গ্রেফতার সঞ্জয় রায়ের সেখানে নিয়মিত যাতায়াত ছিল বলে খবর।

এদিকে, আর জি কর হাসপাতালেও সিবিআই আধিকারিকদের আর একটি দল তল্লাশি চালাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর সহ রাজ্যের একাধিক ধর্ষণ ও খুনের ঘটনার প্রতিবাদে মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করে বাম ছাত্র যুব ও মহিলা সমিতি আজ বর্ধমান শহরে বিক্ষোভ মিছিলের আয়োজন করে। কার্জন গেট চত্ত্বর থেকে মিছিল শুরু হয়ে টাউন হল পর্যন্ত যায়। সেখানে পুলিশ তাদের আটকে দেয়। গত ১৪ তারিখ রাতে গাংপুরের নান্দুরে এক আদিবাসী তরুণীকে খুনের ঘটনায় দোষীদের এখনও কেন গ্রেফতার করা হয়নি সে প্রশ্ন তোলেন তারা।

নদীয়ার কল্যাণী থানার সামনে আজ বিক্ষোভ দেখায় বিজেপি-র মহিলা মোর্চা। বিক্ষোভ চলে রানাঘাট থানার সামনেও।

এদিকে, শিলিগুড়ির হাসমিচকে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ আজ দুপুরে বিক্ষোভ দেখায়। মুখ্যমন্ত্রী পদে মমতা ব্যানার্জী ইস্তফা না দেওয়া পর্যন্ত আন্দোলন চলবে বলে তারা জানিয়েছেন।

কোচবিহারের সুনিতী রোডে আজ বামফ্রন্টের তরফ থেকে বিক্ষোভ মিছিল করা হয়। আর জি কর কান্ডের প্রতিবাদ করায় ধৃত সি পি আই এম-এর তিন নেতা কর্মীর দ্রুত মুক্তির দাবি ওঠে।

এদিকে, কোচবিহারের বিভিন্ন ব্লকে আজ প্রতিবাদ মিছিল করে তৃণমূল। দিনহাটা শহরে উদয়ন গুহর নেতৃত্বে মিছিল করা হয়। মাথাভাঙা দু নম্বর ব্লকে মিছিলে ছিলেন তৃণমূল নেতা পার্থপ্রতীম রায়।

০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালের ট্রেনি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় দোষীদের ফাঁসির দাবিতে আজ মিছিলে অংশ নেন রাজ্যের পুর ও নগরোন্নয়নমন্ত্রী ফিরহাদ হাকিম। খিদিরপুরে এই মিছিল আয়োজিত হয়।

০০০০০০০০০০০০০০০০০

এদিকে, হাসপাতালে দুষ্কৃতি তান্ডবের ঘটনায় DYFI-এর রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখোপাধ্যায় সহ এস এফ আই - DYFI-এর ৭ নেতানেত্রীকে লালবাজারে তলব করা হয়েছে।

সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটি সদস্য সুজন চক্রবর্তী বলেছেন, সিসিটিভি এবং সংবাদমাধ্যমের ভিডিও ফুটেজ দেখলেই দোষীদের সনাক্ত করা যাবে।

(বাইট – সুজন)

এসইউসিআই কমিউনিস্ট আজ রাজ্য জুড়ে প্রতিবাদ দিবস পালন করছে।

রাজ্যের বিভিন্ন জায়গায় আজ বিক্ষোভ মিছিল করছে বামফ্রন্টও। কলকাতার রাসবিহারী মোড় থেকে বাম – কংগ্রেসের যৌথ মিছিল অ্যাকাডেমী অফ ফাইন আর্টস পর্যন্ত যায়।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে দিল্লির বঙ্গভবনে আজ বিক্ষোভ দেখায় বিজেপি-র ছাত্র সংগঠন অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ ।

০০০০০০০০০০০০০০০০০০০০

আরজিকরের ঘটনার প্রতিবাদে বিজেপি মহিলা মোর্চা আজ সারা রাজ্যে থানার সামনে বিক্ষোভ দেখায়। জগদ্দল থানার সামনে রাস্তার ওপর এই বিক্ষোভ প্রদর্শনে উপস্থিত ছিলেন মোর্চার রাজ্য সভানেত্রী ফাল্গুনী পাত্র। তিনি অভিযোগ করেন,আরজিকরে মহিলা চিকিৎসককে নৃশংসভাবে হত্যা করে প্রমাণ লোপাটের চেষ্টা হচ্ছে। যারা এই ঘটনার বিরুদ্ধে আন্দোলন করছে তাদের গ্রেপ্তার এমনকি অবস্থানের মঞ্চ ভেঙে আন্দোলনকারীদের কণ্ঠ রোধ করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর-এর চিকিৎসককে ধর্ষণ করে খুনের ঘটনার প্রতিবাদে আজ কংগ্রেস কলকাতায় বিক্ষোভ মিছিলের আয়োজন করে। মধ্য কলকাতার জেলা কমিটির সভাপতি সুমন পালের নেতৃত্বে নীলরতন সরকার হাসপাতাল থেকে মেডিকেল কলেজ পর্যন্ত মিছিল যায়। এই নৃশংস ঘটনার প্রতিবাদের অঙ্গ হিসেবে জামা খুলে প্রতিবাদ জানান কংগ্রেস কর্মীরা। মুখ্যমন্ত্রীর পদত্যাগেরও দাবি জানানো হয়েছে।

oooooooooooooooooooo

বিজেপি আর জি কর মেডিক্যাল কলেজে ডাক্তারের ধর্ষণ ও খুনের ঘটনায় প্রতিবাদী কণ্ঠস্বর দমিয়ে দেওয়ার অভিযোগ তুলেছে। নতুন দিল্লীতে এক সাংবাদিক সম্মেলনে দলের মুখপাত্র সেজাদ পুনাওয়ালা জানান, এই ঘটনায় ন্যায় চেয়ে প্রতিবাদ করায় তৃণমূল সরকার ৪৩ জন ডাক্তারকে অন্যত্র বদলি করেছে। তিনি বলেন, সোশ্যাল মিডিয়ায় এই ঘটনায় আওয়াজ তোলায় কলকাতা পুলিশ সাধারণ মানুষকে ভয় দেখাচ্ছে।

(বাইট )

তৃণমূল ঘটনায় মূল দোষীদের আড়াল করছে বলে অভিযোগ করেন পুনা ওয়ালা। রাজ্য সরকার কর্তৃত্ববাদী আচরণ করছে বলে জানান তিনি।

এদিকে, রাজ্য সরকার বদলির নির্দেশিকা প্রত্যাহার করছে বলে সূত্রের খবর।

oooooooooooooooo

আরজি কর কাণ্ডের আবহে রাজ্যের বিভিন্ন মেডিক্যাল কলেজের বহু চিকিৎসকের বদলির নির্দেশ কে কেন্দ্র করে নতুন করে বিতর্কের সৃষ্টি হয়েছে। স্বাস্থ্য দফতর থেকে কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজগুলি থেকে মোট ৪৩ জন চিকিৎসকের বদলির নির্দেশিকা জারি করা হয়েছে। এর মধ্যে বেশ কয়েকজন চিকিৎসক আন্দোলনকারী জুনিয়র চিকিৎসক ও ডাক্তারি ছাত্রদের প্রতি সহমর্মিতা জ্ঞাপন করায় তাদের ক্ষেত্রে প্রতিহিংসার বশবর্তী হয়েই বদলি করা হয়েছে বলে অভিযোগ উঠেছে।

রাজ্য সরকারের তরফে একে রুটিন বদলি বলে দাবি করা হলেও বিভিন্ন সংগঠন এই নিয়ে তীব্র অসন্তোষ প্রকাশ করেছে। চিকিৎসক সংগঠন ‘ইউনাইটেড ডক্টর্স ফ্রন্ট অ্যাসোসিয়েশন’-এর তরফে বদলির

প্রতিবাদ জানানো হয়েছে। সামাজিক মাধ্যমে এক বিবৃতিতে প্রতিবাদ সমর্থনকারীদের অন্যায় ভাবে বদলি করা হয়েছে বলে দাবি করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

নিম্নচাপ অঞ্চল ও ঘূর্ণাবর্তের প্রভাবে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বুধবার ২১-শে আগস্ট পর্যন্ত ঝড়বৃষ্টির সম্ভাবনা। হলুদ সতর্কতা জারি রয়েছে, দুই ২৪ পরগনা, নদীয়া ও পূর্ব বর্ধমান জেলায়।

আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে হুগলী, বীরভূম, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলায়।

আগামীকাল ভারী বৃষ্টির সম্ভাবনা মুর্শিদাবাদ, বীরভূম ও নদীয়া জেলায়। উত্তরবঙ্গেও সবকটি জেলাতেই ২১ তারিখ পর্যন্ত ভারী বৃষ্টির পূর্বাভাষ রয়েছে।

ঘণ্টায় ৩৬ থেকে ৪৫ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাতে পারে । বাতাসের গতিবেগ সর্বোচ্চ ৫৫ কিলোমিটার প্রতি ঘণ্টায় পৌঁছনোর সম্ভাবনা। সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের আগামী বিশে আগস্ট পর্যন্ত সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

যথেষ্ট পুলিশী নিরাপত্তা দিতে না পারার কারণে ডুরান্ডকাপের আগামীকালের ডার্বি ম্যাচ বাতিল করা হয়েছে। ম্যাচ অন্য শহরে সরিয়ে নিয়ে যাবার কথাও ভাবা হচ্ছে।

এরফলে দুই দলই চলে যাচ্ছে কোয়ার্টার ফাইনালে। ডুরান্ড কাপের আয়োজকদের সঙ্গে বিধাননগর কমিশনারেটের পুলিশ কর্তাদের বৈঠকে আজ

ম্যাচ বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে জানানো হয়, শহরের বিভিন্ন জায়গায় পুলিশ মোতায়েন থাকায় যুব ভারতী ক্রীড়াঙ্গণে ডার্বি ম্যাচের জন্য পর্যাপ্ত পুলিশ দেওয়া সম্ভব নয়। টিকিটের দাম ফেরত দেওয়া হবে বলে কর্তৃপক্ষ জানিয়েছে।

উল্লেখ্য, ফুটবল সমর্থকদের একাংশ আর জি করের ঘটনার প্রতিবাদের পরিকল্পনা করেছিলেন। পরিস্থিতি আরও জটিল করতে পারে বলে আশঙ্কার প্রেক্ষিতে পুলিশ প্রশাসনের তরফে ডার্বি নিয়ে আপত্তি জানানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে আজ ইস্টবেঙ্গল ৪-০ গোলে কালীঘাট স্পোর্টস লাভারস এসোসিয়েশনকে হারিয়ে দিয়েছে। বিরতিতে ইস্টবেঙ্গল ১-০ গোলে এগিয়ে ছিল। লাল হলুদ দলের পক্ষে এডউইন দুটি, জেসিন টি কে, আজাদ একটি করে গোল করেছেন। ইস্টবেঙ্গল ৯ ম্যাচে ২৫ পয়েন্ট নিয়ে গ্রুপ বি, র শীর্ষে আছে।

ব্যারাকপুর ষ্টেডিয়ামে ভবানীপুর ক্লাব ৪-০ গোলে ইস্টার্ন রেলকে হারিয়ে দিয়েছে।উলুবেড়িয়া ষ্টেডিয়ামে পুলিশ এ সি ও ক্যালকাটা কাস্টমস এর খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে। চুঁচুড়ায় টালিগঞ্জ অগ্রগামী ও রেনবো এ সি, র ম্যাচ ১-১ গোলে শেষ হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

সিভিল সার্ভিস মেইন পরীক্ষার জন্য মেট্রো রেল কর্তৃপক্ষ আগামীকাল, ১৮ই আগস্ট অতিরিক্ত ট্রেন পরিষেবা দেবে। মেট্রো রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন যে কবি সুভাষ ও দমদম উভয়

তরফেই সকাল ৭টায় প্রথম মেট্রো ছাড়বে। গ্রীণ লাইন, অরেঞ্জ লাইন ও পার্পল লাইনে অবশ্য ট্রেন পরিষেবা বন্ধই থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতার আঞ্চলিক সংবাদ বিভাগ, অস্থায়ী ভিত্তিতে বাংলায় এডিটর, সংবাদ পাঠক তথা অনুবাদক, রিপোর্টার এবং প্রযোজনায় সহায়তাকারী ব্রডকাস্ট অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে। প্রার্থীদের ঠিকানা হতে হবে কলকাতা ও তার কাছাকাছি এলাকায়। আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ১৯ শে আগস্ট। কিভাবে আবেদন করতে হবে এবং প্রার্থীদের যোগ্যতামান সংক্রান্ত বিস্তারিত তথ্যের পূর্ণাঙ্গ বিজ্ঞাপন পাওয়া যাবে আকাশবাণী সংবাদ কলকাতা ফেসবুক ও ইনস্টাগ্রাম এবং আকাশবাণী কলকাতা এক্স হ্যান্ডেল ও ওয়েবসাইটে। আকাশবাণী ভবনের মূল রিসেপশনে নোটিশ বোর্ডেও এই সংক্রান্ত বিজ্ঞাপন টাঙানো রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০